

নতুন ধারার দৈনিক

আমাদের সময়

ছাত্রলীগের সম্মেলন সমাপ্ত, নেতা নির্বাচন করবেন প্রধানমন্ত্রী

প্রকাশ | ১২ মে ২০১৮, ১৭:০৩ | আপডেট: ১২ মে ২০১৮, ২০:৩৪



নিজস্ব প্রতিবেদক



নতুন নেতা নির্বাচন ছাড়াই আনুষ্ঠানিকভাবে শেষ হলো ছাত্রলীগের ২৯তম জাতীয় সম্মেলন। আজ শনিবার বিকেল সাড়ে তিনটার দিকে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস ইনস্টিটিউশন মিলনায়তনে সম্মেলনের দ্বিতীয় অধিবেশনের সমাপ্তি ঘোষণা করেন সংগঠনটির সভাপতি সাইফুর রহমান সোহাগ।

এ বিষয়ে ছাত্রলীগের সদ্য বিদায়ী সাধারণ সম্পাদক এস এম জাকির হোসাইন সারা দেশ থেকে আসা ছাত্রলীগের কাউন্সিলরদের বলেন,

'সম্মেলন অধিবেশন এখানেই শেষ। আপনারা সবাই যার যার বাড়ি ফিরে যান। আমরা মনোনয়ন প্রত্যাশীদের নামের তালিকা গণভবনে প্রধানমন্ত্রীর কাছে জমা দিয়েছি। তিনি তালিকা যাচাই-বাচাই করে সিদ্ধান্ত নেবেন।'

'কমিটি ঘোষণায় দু'একদিন দেরি হতে পারে' বলেও জানান এ ছাত্রলীগ নেতা।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭৮২১৩-১৮ ফ্যাক্স: ৮৮৭৮২২১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি